

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৮৫৩
৬/ স্বলাত (নামায)
পরিচ্ছেদঃ নফল নামাযের ফ্যীলত

আরবী

عَن رَبِيعَةَ بِن كَعْبٍ قَالَ: كُنْتُ أَخْدُمُ رَسُولَ اللهِ عَلَيْ نَهَارِي فَإِذَا كَانَ اللَّيْلُ أَوَيْتُ إِلَى بَابِ رَسُولِ اللهِ عَيْنِي فَإَنَامُ فَقَالَ ذَاتَ يَوْمٍ: يَا رَبِيعَةُ سَلْنِي فَأَعْطِيَكَ قُلْتُ: أَنْظِرْنِي حَتَّى أَمْلُ أَوْ تَغْلِبَنِي عَيْنِي فَأَنَامُ فَقَالَ ذَاتَ يَوْمٍ: يَا رَبِيعَةُ سَلْنِي فَأَعْطِيَكَ قُلْتُ: أَنْظِرْنِي حَتَّى أَمْلُ أَوْ تَغْلِبَنِي عَيْنِي فَأَنَامُ فَقَالَ ذَاتَ يَوْمٍ: يَا رَبِيعَةُ سَلْنِي فَأَعْطِيكَ قُلْتُ: أَنْظِرْنِي حَتَّى أَنْظُرُ وَتَذَكَرْتُ أَنَّ الدُّنْيَا فَانِيَةٌ مُنْقَطِعَةٌ فَقُلْتُ : يَا رَسُولَ اللهِ أَسْأَلُكَ أَنْ تَدْعُو اللهَ أَنْ يَجْفِر اللهَ أَنْ الدُّنْيَا مُنْقَطِعَةٌ فَانِيَةٌ وَأَنْتَ مِنَ اللهِ بِالْمَكَانِ الَّذِي يَجْرَبُنِي عَلِمْتُ أَنَّ الدُّنْيَا مُنْقَطِعَةٌ فَانِيَةٌ وَأَنْتَ مِنَ اللهِ بِالْمَكَانِ الَّذِي الْجَوْدِ اللهَ قَالَ : إِنِي فَاعِلٌ فَأَعَنِي بِكَثْرَةِ السُّجُودِ

বাংলা

(৮৫৩) উক্ত রবীআহ বিন কা'ব বলেন, আমি দিনে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম এর খেদমত করতাম এবং রাতে তাঁরই দরজার চৌকাঠে (মাথা রেখে) ঘুমিয়ে পড়তাম। এভাবে তাঁর নিকট এক রাত্রি যাপনকালে আমি শুনছিলাম, তিনি অনবরত বলে যাচ্ছিলেন, 'সুবহা-নাল্লা-হ' 'সুবহা-নাল্লা-হ' সুবহা-নাল্লা-হ' 'সুবহা-নাল্লা-হ' 'সুবহা-নাল্ল

অতঃপর আমি ভেবে দেখলাম যে, দুনিয়া ধ্বংসশীল ও ক্ষণস্থায়ী। তাই বললাম, হে আল্লাহর রাসূল! আমি চাই যে, আপনি আমার জন্য আল্লাহর নিকট দু'আ করে দিন, যাতে তিনি আমাকে জাহান্নাম থেকে নিদ্ধীতি দেন এবং জান্নাতে প্রবেশ করান। (এ কথা শুনে) তিনি চুপ করে গেলেন। অতঃপর বললেন, এ জিনিস চাওয়ার কথা তোমাকে কে শিখিয়ে দিয়েছে? তিনি বললেন, এটা আমাকে কেউ শিখিয়ে দেয়নি, তবে আমি যখন জানলাম যে, দুনিয়া ক্ষণস্থায়ী ও ধ্বংসশীল আর আল্লাহর পক্ষ থেকে আপনার রয়েছে বিশেষ মর্যাদা তাই এটাই ভালো মনে করলাম যে, আপনি আমার জন্য আল্লাহর কাছে দু'আ করে দেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, আমি দু'আ করবো, কিন্তু তুমি অধিকাধিক সিজদা করে (অর্থাৎ প্রচুর নফল নামায পড়ে) তোমার (এ আশা



পূরণের) জন্য আমাকে সাহায্য করো।

ফুটনোট

(ত্বাবারানী ৪৪৪২, সহীহুত তারগীব ৩৮৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ রবী'আহ্ ইবনু কা'ব আল আসালামী (রাঃ)

 ${\it \it O} \it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=64601$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন